



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/2/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ক্যারিবিয়ান অঞ্চলের জন্য বাণিজ্য মিশন ঘোষণা করলেন

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের গ্লোবাল নিউ ইয়র্কের মিশনটির উদ্দেশ্য নিউ ইয়র্কের ব্যবসাসমূহের জন্য রপ্তানি ও বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগ বৃদ্ধি করা

ঘোষণাটি গত বছর ক্যারিবিয়ান বাণিজ্য অফিস খোলার পর গভর্নর কর্তৃক নিউ ইয়র্ক এবং অঞ্চলটির মধ্যকার অর্থনৈতিক অংশীদারিত্ব বলীয়ান করাকে প্রতিফলন করে

গভর্নর হোকল আজকে 2024 সালের ডিসেম্বরে ক্যারিবিয়ানে একটি বাণিজ্য মিশন ঘোষণা করেছেন, যা সর্বোচ্চ দশটি নিউ ইয়র্কভিত্তিক কোম্পানিকে দুইটি ক্যারিবিয়ান অঞ্চলে নিয়ে আসবে, যার উদ্দেশ্য হবে অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ এই অঞ্চল, যা নিউ ইয়র্ক স্টেটের ব্যবসা ও সম্প্রদায়ের জন্য একটি বিকাশমান বাজার, সেখানে রপ্তানি প্রয়াস শুরু ও বৃদ্ধি করা। আজকে সকালে ওয়েস্ট ইন্ডিয়ান আমেরিকান দিবস কার্নিভ্যাল অ্যাসোসিয়েশনের প্রাতঃরাশে (West Indian American Day Carnival Association Breakfast) গভর্নর এই ঘোষণাটি করেন।

"নিউ ইয়র্ক এবং ক্যারিবিয়ান অঞ্চলের মধ্যে বহু সাংস্কৃতিক, ঐতিহাসিক, এবং অর্থনৈতিক বন্ধন রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই বাণিজ্য মিশনটি সেইসব বন্ধনকে আরো দৃঢ় করবে যাতে নিউ ইয়র্কভিত্তিক ব্যবসাসমূহ পুরো ক্যারিবিয়ান জুড়ে আরো গভীর অংশীদারিত্ব গঠন ও বিকাশ করতে পারে, এবং এর প্রাণবন্ত বাণিজ্যিক বাজারের অর্থনৈতিক সুযোগের সদ্যবহার করতে পারে যা আমাদের অর্থনীতির জন্য লাভজনক হবে এবং পুরো স্টেটজুড়ে কর্মসংস্থান সৃষ্টিকে উৎসাহিত করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "গ্লোবাল নিউ ইয়র্কের (Global NY) বাণিজ্য মিশনসমূহ, বিশেষ করে ক্যারিবিয়ানের মতো গুরুত্বপূর্ণ একটি অঞ্চলে এই মিশন নিউ ইয়র্কভিত্তিক ব্যবসাসমূহের জন্য তাদের পণ্য ও সেবার জন্য নতুন আন্তর্জাতিক বাজারের সুযোগ লাভের মাধ্যমে বিকাশ ও সম্প্রসারণের একটি অসাধারণ সুযোগ প্রদান করে। ব্যবসাসমূহের সাফল্যকে সমর্থন করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট আমাদের পক্ষে সম্ভব সকল কিছু করছে, যার মধ্যে রয়েছে আন্তর্জাতিক মনোযোগ প্রদান করা যা ফলস্বরূপ আমাদের অর্থনীতিকে বলীয়ান করে এবং নিউ ইয়র্কবাসীর জন্য আরো ভালো বেতনের চাকরি তৈরি করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের গ্লোবাল নিউ ইয়র্ক বিভাগ দ্বারা স্পন্সর হওয়া বাণিজ্য মিশনটি ক্যারিবিয়ান ব্যবসার সাফল্য সমর্থন করতে বাণিজ্য ও কর নীতিমালার মতো বিষয়ে ইভেন্ট এবং স্থানীয় অভিজ্ঞদের সাথে বৈঠক আয়োজন করবে। এছাড়াও বাণিজ্য মিশনটিতে অংশগ্রহণকারী এবং সম্ভাব্য ক্রেতা ও বিতরণকারীদের মধ্যে ব্যবসা-থেকে-ব্যবসা (business-to-business, B2B) বৈঠকের ব্যবস্থা থাকবে। গ্লোবাল নিউ ইয়র্কের স্টেটের বাণিজ্য সম্প্রসারণ কর্মসূচির (State Trade Expansion Program, STEP) মাধ্যমে নিজেদের ভ্রমণ ব্যয়ের একাংশের ব্যয়পূরণের জন্য কোম্পানিসমূহ আবেদন করতে পারবে।

গ্লোবাল নিউ ইয়র্ক সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের একটি বিভাগ, গ্লোবাল নিউ ইয়র্ক এমন আর্থিক এবং কারিগরি সহায়তা প্রদান করে যা বাকি বিশ্বের সাথে সংযুক্ত হতে ইচ্ছুক নিউ ইয়র্কের ব্যবসা ও সংগঠনসমূহের জন্য রপ্তানির ব্যয় পরিশোধ করতে পারে। উপলভ্য সমর্থনের মধ্যে রয়েছে যোগ্য ক্ষুদ্র ও মধ্যম আকারের ব্যবসাসমূহ, যারা তাদের বৈশ্বিক রপ্তানি শুরু বা বর্ধিত করতে চায়, তাদের জন্য এবং যেসকল অলাভজনক সংগঠন নিউ ইয়র্ক স্টেটের কোম্পানিসমূহকে রপ্তানি সহায়তা ও বাণিজ্য শিক্ষা প্রদান করে তাদের জন্য অনুদান ও ঋণ। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.esd.ny.gov/global-ny-export-assistance ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)